ATASK হলো নিউ ইংল্যান্ডে অবস্থিত প্যান-এশিয়ান ভুক্তভোগী ও বেঁচে যাওয়া মানুষকে নিয়ে কাজ করা একটি পারিবারিক সহিংসতা এজেন্সি, যারা 14টি এশিয়ান ভাষায় গ্রাহকদেরকে সেবা দিয়ে থাকে। আমাদের মিশন হলো এশিয়ান পরিবার ও কমিউনিটিগুলোর মধ্যে পারিবারিক সহিংসতা প্রতিরোধ করা এবং বেঁচে যাওয়া মানুষদের আশাবাদী করা।


**বোস্টন:**

পি.ও. বক্স 120108 বোস্টন, MA 02112 টেলি: (617) 338-2350 ফ্যাক্স: (617) 338-2354

**লোওয়েল:**

পি.ও. বক্স 7259 লোওয়েল, MA 01853 টেলি: (978) 454-3651 ফ্যাক্স: (978) 937-2355


24-ঘণ্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

(617) 338-2355

বাংলা
ভিয়েতনামিজ
ক্যানটোনিজ; মান্দারিন
তাইওয়ানিজ ইন্দোনেশিয়ান
হিন্দি
নেপালি
উর্দু
থাই
তাগালগ (ফিলিপিনো)
মিয়েন
খেমার (কম্বোডিয়ান)
জাপানিজ
কোরিয়ান
মনিপুরী


*এই প্রকল্পটিতে সহায়তা করেছে ইউ.এস. ডিপার্টমেন্ট অব জাস্টিজ, অফিস অন ভায়োলেন্স এগেইনেস্ট ওম্যান কর্তৃক যার অনুদান নম্বর 2018-WL-AX-0010। এই প্রকাশনা/প্রোগ্রাম/প্রদর্শনীতে যে মতামত, ফলাফল, উপসংহার ও সুপারিশ দেওয়া হয়েছে

FAQ রচিত করেছে ATASK লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম সর্বশেষ হালনাগাদ হয়েছে মে 31, 2016


**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# অভিবাসন

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম**

24-ঘণ্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

**(617) 338-2355**

www.atask.org

## আরও সহায়তা দরকার?

জরুরি প্রয়োজনে নুগ্রহ করে 911
নম্বরে কল করুন

সেইফলিংক ......................................................................1-877-785-2020

..............................................................................................1-877-521-2601

পলিটিক্যাল অ্যাসাইলাম ইমিগ্রেন্ট রিফিউজি প্রোজেক্ট... ...........617-742-9296

গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস .......................................617-371-1234

..............................................................................................800-323-3205

লিগ্যাল অ্যাডভোকেসি অ্যান্ড রিসোর্স সেন্টার, আইএনসি ......617-603-1700

..............................................................................................800-345-5297

আমেরিকান ইমিগ্রেশন ল'ইয়ারস অ্যাসোসিয়েশন ...................202-507-7600

AILA নিউ ইংল্যান্ড চ্যাপ্টার .......................................

মেট্রোওয়েস্ট লিগ্যাল সার্ভিসেস ..............................................800-696-1501

ন্যাশনাল ল'ইয়ার্স গিল্ড .......................................................617-227-7008

বোস্টন বার অ্যাসোসিয়েশন ল'ইয়ার রেফারেল সার্ভিস। ........617-742-0625

..............................................................................................800-552-7046

Massachusetts Bar Association .......................................617-654-0400

..............................................................................................866-627-7577

**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# Legal Advocacy Program

আমাদের Legal Advocacy Program-টি এশিয়ান বা এশিয়ান-আমেরিকান জাতিগত উৎপত্তির পারিবারিক সহিংসতা এবং যৌন আক্রমণের ভুক্তভোগীদের বিনামূল্যে আইনি পরিষেবার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাটতি পূরণ করার চেষ্টা করে।

2009 সাল থেকে শুরু করে, আমাদের ATASK গ্রাহকদেরকে নিরাপদ ও স্বাধীন ব্যক্তিতে পরিণত হতে তাদের আইনী অধিকার পেতে, নির্যাতনকারীদের ক্ষমতার ও নিয়ন্ত্রণের বিভিন্ন ধরণ থেকে মুক্ত করতে, সর্বজনীন বহুভাষিক এবং বহু-সাংস্কৃতিক আইনি সহোযোগিতা, প্রতিনিধিত্ব এবং পরামর্শ প্রদান করে আসছি।

কমিউনিটি-ভিত্তিক সংগঠন, আইন স্কুল, আইনী পরিষেবাদি এবং স্বেচ্ছাসেবী অ্যাটর্নিদের সাথে আমাদের একত্রে কাজ করার ইতিহাস থেকে দেখা যায় যে আমরা বেঁচে যাওয়া কেউ যাতে আইনী প্রতিনিধিত্ব, কৌশলগত সহায়তা, নির্দেশিকা বা কোনো সফল রেফারেল ব্যতীত ফেরত না যায় তা নিশ্চিত করতে নিবেদিভাবে কাজ করি।

দাবি পরিত্যাগ: এই পৃষ্ঠার বিষয়বস্তু শুধুমাত্র সীমিত তথ্যগত উদ্দেশ্যে এবং এটি কোন আইনী পরামর্শ নয়। আপনি কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, আপনার অনন্য এবং নির্দিষ্ট পরিস্থিতি বিশ্লেষণে সহায়তা করার মাধ্যমে আপনার চাহিদাগুলোর সাথে ভালোভাবে খাপ খায় এমন একটি সমাধান খুঁজে পেতে ATASK আপনাকে একজন ম্যাসাচুসেটস আইনজীবীর পরামর্শ নিতে জোরালোভাবে উৎসাহ দেয়।

## আমি যদি আমার নির্যাতনকারীকে পরিত্যাগ করি, তাহলে কি আমি আমার অভিবাসন

না, এটি আসলে সত্য নয়। অভিবাসী বা অভিবাসী নন এমন ভুক্তভোগীদের সহিংসতার জন্য আলাদা বিকল্প রয়েছে।

**1) I-751 স্বত্ত্যাগ / শর্ত বাতিল করা**

আপনার যদি 2-বছরের "গ্রিন কার্ড" থাকে তাহলে, আপনি

আপনার নির্যাতনকারী সঙ্গীর সাহায্য ছাড়াই বা তাকে না জানিয়েই

স্থায়ী (10) বছরের কার্ডের জন্য আবেদন করতে পারবেন। আপনার সঙ্গীর সাথে আপনার বিবাহটি সরল বিশ্বাসে হওয়ার বিষয়টি এবং হয় সঙ্গী দ্বারা নির্যাতিত হওয়ার কারণে অথবা আপনার সঙ্গী থেকে চূড়ান্ত বিবাহ বিচ্ছেদ হওয়ার বিষয়টি অবশ্যই প্রমাণ করতে হবে।

"আমার 2 বছরের শর্তাধীন গ্রিন কার্ড রয়েছে এবং আমি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা দ্বারা বৈবাহিক নির্যাতনের শিকার।"

শারীরিক বা যৌন নির্যাতন, মানসিক নির্যাতন এবং মানসিক নিষ্ঠুরতা এই স্বত্ত্যাগের আবেদন করার বৈধ ভিত্তি, তবে নির্যাতনকে অবশ্যই বিশ্বাসযোগ্য প্রমাণ দ্বারা সমর্থিত হতে হবে (উদাহরণস্বরূপ: হলফনামা, চিকিৎসা সংক্রান্ত নথি, নিয়ন্ত্রণ আদেশ, পুলিশ প্রতিবেদন ইত্যাদি)।

"আমি একজন আমেরিকান নাগরিক বা বৈধভাবে স্থায়ী বাসিন্দার সাথে বিবাহিত, কিন্তু আমার 2 বছরের গ্রিন

**2) নির্যাতিত সঙ্গীর স্ব-উদ্যোগী আবেদন/VAWA**

আপনি নথিভুক্ত না হলেও অথবা কোনো "গ্রিন কার্ড" না থাকলেও, আপনি নির্যাতিত সঙ্গীর স্ব-উদ্যোগী আবেদন দাখিল করতে পারবেন, যদি আপনি নির্যাতনকারী একজন আমেরিকান নাগরিক বা বৈধভাবে স্থায়ী বাসিন্দার সাথে বিবাহিত হন। এটি করতে আপনার নির্যাতনকারী সঙ্গীর সহায়তার প্রয়োজন নেই, তবে আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনার বিবাহটি ছিল আসল এবং অকৃত্রিম।

শারীরিক নির্যাতন, মানসিক নির্যাতন এবং মানসিক নিষ্ঠুরতা নির্যাতন হিসেবে যুক্তিসিদ্ধ , কিন্তু নির্যাতনের বিষয়টি অবশ্যই বাস্তব তথ্যসমৃদ্ধ দলিল দ্বারা প্রমাণিত হতে হবে। আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনি শুধুমাত্র গ্রীন কার্ড পাওয়ার উদ্দেশ্যে আপনার সঙ্গীকে বিয়ে করেননি।

এটি যদি অনুমোদিত হয়, তাহলে আপনি আপনার

সঙ্গী/প্রাক্তন সঙ্গীর সংশ্লিষ্টতা বা অজ্ঞাতে স্থায়ী বসবাসের জন্য আবেদনের উপযুক্ত হবেন।

## আরও পড়ার জন্য

- INA §216(c)(4)(C)
- http://www.womenslaw.org/laws_state_type.php?id=10270&state_code=US&open_id=14649
- http://www.uscis.gov/portal/site/uscis/menuitem.eb1d4c2a3e5b9ac89243c6a7543f6d1a/?vgnextoid=b85c3e4d77d73210VgnVCM100000082ca60aRCRD&vgnextchannel=b85c3e4d77d73210VgnVCM100000082ca60aRCRD
- http://www.womenslaw.org/laws_state_type.php?id=13636&state_code=US&open_id=13641
- http://travel.state.gov/visa/temp/types/types_5186.html#overview
- http://www.empirejustice.org/issue-areas/domestic-violence/battered-immigrants/articles/domestic-violence-and.html#.T_dA747_mrQ
- http://www.futureswithoutviolence.org/section/our_work/women_and_girls/_key_resources_immigrant_women1/_questions_immigrant_refugee#deportation
- http://www.citymasala.com/Feb2011/Immigration.pdf

## আমার নির্যাতনকারী আমেরিকান নাগরিক নয়। আমি যদি

আপনি যদি কোনো শেল্টার বা আইনজীবীর কাছে সহায়তা কামনা করেন, তাহলে শুধুমাত্র এই কারণেই আপনার সঙ্গীকে দেশত্যাগ করানো হবে না।

আপনি যদি পুলিশের সাথে যোগাযোগ করেন এবং আপনার সঙ্গী অপরাধী হিসেবে অভিযুক্ত হয়, তাহলে তার অভিবাসন অবস্থা এবং তার অপরাধমূলক কর্মকান্ডের ইতিহাসের রেকর্ডের উপরে নির্ভর করে তাকে দেশত্যাগ করানো হতে পারে।

এটি স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে নিজেকে এবং আপনার সন্তানকে নিরাপদ রাখার অধিকার আপনার রয়েছে। বরং আপনার নির্যাতনকারী আপনাকে এবং/অথবা আপনার সন্তানকে তার সহিংস বা বিপজ্জনক কর্মকান্ডের দ্বারা নিজেকে ঝুঁকির মধ্যে ফেলেছে।

## আমি একজন নির্যাতিত পুরুষ। আমিও কি অভিবাসন সুরক্ষার জন্য উপযুক্ত হবো?

হ্যাঁ, VAWA নির্যাতিত সঙ্গীর স্ব-উদ্যোগী আবেদন দ্বারা উপলভ্য পরিত্রাণ, I-751 স্বত্বত্যাগ, ইউ-ভিসা, টি-ভিসা এবং সাধারণ রাজনৈতিক আশ্রয় পুরুষ এবং নারীর জন্য সমানভাবে উপলভ্য।

## আমি একটি সমলৈঙ্গিক সঙ্গীর নির্যাতনমূলক সম্পর্কে আছি। আমি কি বিষমকামী সম্পর্কের কোনো একজনের মতো একই অভিবাসন পরিত্রাণ ও সুবিধাদির জন্য উপযুক্ত?

আমেরিকান ফেডারেল আইন যৌন অভিযোজন ব্যতীরেকে দম্পতিদের মধ্যে সকল বৈধ বিবাহকে স্বীকৃতি দিতে বাধ্য। সম-লৈঙ্গিক বিবাহ কিংবা বিপরীত-লৈঙ্গিক বিবাহ যাই হোক না কেন, VAWA স্ব-উদ্যোগী আবেদন এবং I-751 স্বত্বাধিকার সহ একই অভিবাসন সুবিধাদি ও পরিত্রাণে নির্যাতিত সঙ্গীর সমান প্রবেশাধিকার রয়েছে। সহিংস অপরাধ অথবা মানব পাচারের ভুক্তভোগীরা যৌন অভিযোজন ব্যতীরেকেই ইউ এবং টি ভিসার জন্য উপযুক্ত হতে পারে। যৌন অভিযোজন ব্যতীরেকে সকল ব্যক্তি আশ্রয় পরিত্রাণের জন্য উপযুক্ত এবং নিজ দেশে যৌন অভিযোজনের জন্য নিগৃহীত সমকামী এই বিশেষ শ্রেণির নির্যাতনের জন্যেও পরিত্রাণের আবেদন করতে পারবে।

## আমার সন্তানদের কী হবে?

আপনি আপনার I-751 স্বত্বত্যাগ এবং VAWA I-360 আবেদনে আপনার সন্তান(দের)কে অন্তর্ভূক্ত করতে পারেন।

আবেদনে অন্তর্ভুক্ত হতে হলে, আপনার সন্তানকে উপযুক্ত হওয়ার জন্য অবশ্যই নিম্নলিখিত শর্ত পূরণ করতে হবে:

- নির্যাতনকারী আমেরিকান নাগরিক বা স্থায়ী বাসিন্দার সন্তান হতে হবে;

আমেরিকান নাগরিক বা স্থায়ী বাসিন্দা অভিভাবক দ্বারা আমেরিকায় অবস্থানকালে অথবা অভিভাবক আমেরিকান সরকারের দ্বারা নিয়োগপ্রাপ্ত অবস্থায় বিদেশে অবস্থানকালে সন্তান নির্যাতিত হয়ে থাকলে;

-সন্তান অভিভাবকের সাথে বসবাস করে থাকলে;

-সন্তান নির্যাতনকারী অভিভাবকের সাথে সম্পর্ক প্রমাণ করতে পারলে; এবং

-সন্তানের বয়স 14-র বেশি হলে যদি সে ভালো নৈতিক চরিত্র প্রদর্শন করতে পারে

### 3) নির্দিষ্ট অপরাধের ভুক্তভোগীদের

আপনি যদি আক্রমণ এবং আঘাত, যৌন আক্রমণ, ধর্ষণ বা অন্যান্য সহিংস অপরাধের মতো কোন অপরাধের শিকার হন, তাহলে আপনি একটি ইউ ভিসার জন্য উপযুক্ত হতে পারেন। এই ভিসার জন্য আপনার নির্যাতনকারী সঙ্গীটির অভিবাসন অবস্থা থাকার প্রয়োজন নেই এবং আপনার নির্যাতনকারী বা কুকর্মকারীটির সাথে আপনার বিবাহিত থাকারও প্রয়োজনও নেই।

"আমি আমার নির্যাতনকারীর সাথে বিবাহিত নই এবং/অথবা আমার নির্যাতনকারী একজন আমেরিকান নাগরিক/গ্রিন কার্ডধারী নয়?"

ইউ-ভিসা সাধারণভাবে অপরাধমূলক কর্মকান্ডের ভুক্তভোগীদের জন্য উপলভ্য

1. যারা অপরাধমূলক কার্যকলাপের কারণে গুরুতর শারীরিক বা মানসিক নির্যাতন ভোগ করেছেন;
2. যাদের কাছে অপরাধমূলক কার্যকলাপ সম্পর্কে তথ্য আছে;
3. এই ধরনের অপরাধমূলক কার্যকলাপের তদন্তে বা মামলা পরিচালনায় সরকারি কর্মকর্তাদের সহযোগিতা করে।

ইউ-ভিসার জন্য আবেদনা করতে আপনি অনথিভূক্ত এবং আপনার নির্যাতনকারীর সাথে বিবাহিত নাও হতে পারেন। আপনি যদি আপনার নির্যাতনকারীর সাথে বিবাহিতও হন, কিন্তু সে আমেরিকান নাগরিক বা স্থায়ী বাসিন্দা না হয় (উদাহরণস্বরূপ, সে যদি H-1 বা F-1 শিক্ষার্থী ভিসাধারী হয়) তারপরেও আপনি এই ভিসার জন্য আবেদন করতে পারবেন।

আপনি যদি একটি ইউ-ভিসা পান, তাহলে আপনি আমেরিকায় চার বছরের জন্য বসবাস ও কাজের জন্য অনুমোদিত হবেন, যখন আপনি স্বাধীনভাবে গ্রিন কার্ডের জন্য আবেদন করার অনুমতি পাবেন।

**সন্তানদের ইউ-ভিসা**

ইউ ভিসা আবেদনকারীর সংশ্লিষ্ট সঙ্গী এবং/অথবা সন্তান একটি ইউ ডেরিভেটিভ ভিসা প্রাথমিক ইউ ভিসার আবেদনকারীর মাধ্যমে পেতে পারে, যদি তাদেরকে আমেরিকায় আপনার সাথে থাকতে বা মিলিত হতে না দেওয়া হয় তাহলে আপনি অথবা তারা চরম কষ্টের শিকার হবেন - এই বিষয়টি আপনি প্রমাণ করতে পারেন।

আপনি যখন আপনার গ্রিন কার্ডের জন্য আবেদন করবেন, তখন আপনি আপনার সংশ্লিষ্ট সঙ্গী বা সন্তানের গ্রিন কার্ডের জন্যেও আবেদন করতে পারবেন।

## 4) টি-ভিসা/পাচার ভিসা

আপনাকে যদি মার্কিন যুক্তরাষ্ট্রে বা মার্কিন এলাকায় ভাল চাকরি বা জীবনের প্রতিশ্রুতি দিয়ে এনে থাকে আর তার পরিবর্তে ক্রীতদাসের মতো পরিস্থিতিতে থাকতে বাধ্য করে, তাহলে আপনি সম্ভবত মানব পাচারের শিকার হয়েছেন। যদি তাই হয়, তাহলে আপনি আমেরিকায় টি ভিসার জন্য উপযুক্ত হতে পারেন।

> **"আমাকে মার্কিন যুক্তরাষ্ট্রে ভালো চাকরি / জীবন দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু আমি অবরুদ্ধ এবং দাসত্বে আবদ্ধ ছিলাম এবং আমার স্বাধীনতা হরণ করা হয়েছিল।"**

এই ধরনের ভিসা পেতে, আপনাকে অবশ্যই দেখাতে হবে যে আপনি মার্কিন যুক্তরাষ্ট্র ছাড়লে চরম কষ্ট ভোগ করবেন। আপনার পাচারকারীদের বিরুদ্ধে মামলা পরিচালনা করার জন্য আইন প্রয়োগকারীদের সাথে আপনাকে অবশ্যই সহযোগিতা করতে হবে, যদি না আপনাকে এই শর্ত থেকে অব্যাহতি দেওয়া হয়।

আপনি যদি এই ভিসাটি পান তাহলে আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে তিন বছরের জন্য কাজ করার অনুমতি দেওয়া হবে, তারপরে আপনাকে গ্রিন কার্ডের জন্য আবেদন করার অনুমতি দেওয়া হবে।

***আমার সঙ্গী বা সন্তানের কী হবে?***

আপনি আপনার টি-ভিসার সংশ্লিষ্ট হিসেবে আপনার সন্তান এবং প্রত্যক্ষ পারিবারিক সদস্যদের অন্তর্ভুক্ত করতে পারেন, যদি আপনি দেখাতে পারেন যে অন্তর্ভুক্ত করা না হলে তারা চরম কষ্টে নিপতিত হবে।

আপনার বয়স যদি 21 বছরের কম হয়, তাহলে আপনি আপনার সন্তান, সঙ্গী, অভিভাবক এবং 18 বছর বয়সের কম অবিবাহিত ভাই বোনের জন্য টি ভিসার আবেদন করতে পারেন। আপনার বয়স যদি 21 বছরের কম হয়, তাহলে আপনি আপনার সন্তান, এবং আপনার সঙ্গীর জন্য টি ভিসার আবেদন করতে পারেন। অধিকন্তু, যদি পাচার হতে আপনার পলায়নের জন্য তাদের প্রতিশোধের শিকার হওয়ার সম্ভাবনা থাকে তাহলে বয়স নির্বিশেষে আপনি আপনার যেকোনো প্রত্যক্ষ পারিবারিক সদস্যের জন্য টি-ভিসার আবেদন করতে পারেন।

## আমার নিজ দেশে নির্যাতনের একজন ভুক্তভোগী হিসেবে, আমি শরণার্থী না কি রাজনৈতিক আশ্রয়ের জন্য উপযুক্ত?

বর্তমান মার্কিন সরকারের নীতি অনুযায়ী, আপনার দেশে সংঘটিত পারিবারিক সহিংসতা মার্কিন যুক্তরাষ্ট্রে রাজনৈতিক আশ্রয়ের জন্য একটি সম্ভাব্য ভিত্তি হতে পারে।

সাধারণত, মার্কিন যুক্তরাষ্ট্রে আশ্রয় বা শরণার্থী মর্যাদার জন্য আবেদনকারীকে অবশ্যই তার জাতি, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতামত বা "কোন নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর সদস্যপদ" অনুযায়ী "নির্যাতনের শিকার হওয়ার যুক্তিসঙ্গত আশংকা" প্রমাণ প্রদর্শন করতে হবে। বেশিরভাগ ক্ষেত্রে, আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবেশের এক বছরের মধ্যে আশ্রয়ের জন্য আবেদন করতে হবে।

নির্যাতনের উপর ভিত্তি করে যোগ্যতা অর্জনের জন্য, আপনাকে অবশ্যই বিশদভাবে বর্তমান ও প্রাসঙ্গিক নথিপত্র প্রদানের মাধ্যমে নিম্নলিখিত সকল বিষয় অবশ্যই প্রমাণ করতে হবে এবং কিছু ক্ষেত্রে প্রশংসাপত্রের প্রয়োজন হবে:

- আপনি নারীদের কোনো একটি নির্দিষ্ট সামাজিক দলের সদস্য যারা নিয়মিতভাবে বা পদ্ধতিগতভাবে নির্যাতিত হচ্ছে
- আপনার দেশে পারিবারিক সহিংসতা ব্যাপকভাবে বিদ্যমান এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য
- আপনি সরকারের পক্ষ থেকে, বাড়িতে বা নিজের দেশে অন্য জায়গায় চলে যাওয়ার মাধ্যমেও সুরক্ষা পাননি।

যোগ্যতার শর্তাবলী, সময়সীমা এবং আবেদন প্রক্রিয়া কঠোর, জটিল এবং একজন উপযুক্ত অ্যাটর্নি দ্বারা পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করা প্রয়োজন।